

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ চট্ট-৮৩/২০১৭/১৫৭১৬

তারিখ: ২৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ


অফিস আদেশ

খুলনা মহিলা আলিয়া ফাজিল মাদরাসা, খুলনা সদর, খুলনা -এর ফাজিল (স্নাতক) পাস বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ১৩.০৩.২০২৫ খ্রি. দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি-২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল (স্নাতক) পাস বিএ স্তর নিয়মবর্ণিত শর্তে ০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. সকল শ্রেণিতে বিশেষ করে ফাজিল স্নাতক (পাস) পর্যায়ে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে;
২. গত ০৩ বছরের সকল শ্রেণিতে অকৃতকার্য শিক্ষার্থীর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: অপেক্ষাকৃত দুর্বল শিক্ষার্থীর জন্য বিশেষ পরিচর্যার ব্যবস্থা গ্রহণ করতে হবে, এ ক্ষেত্রে শিক্ষার্থীদের থেকে কোনো ফি নেওয়া যাবে না;
৩. শ্রেণিকক্ষে মূল কিভাবে মাধ্যমে পাঠদান নিশ্চিত করতে হবে এবং কোনো ভাবেই শ্রেণিকক্ষে নোট-গাইডের ব্যবহার করা যাবে না;
৪. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব প্রদানের পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ল্যাংগুয়েজ ক্লাব চালুর কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে;
৫. প্রত্যেক শ্রেণিকক্ষের নাম ফলক বাংলা, আরবি ও ইংরেজিতে লিখতে হবে;
৬. অধ্যক্ষ মহোদয় কর্তৃক প্রত্যয়নকৃত রেজিস্টার খাতায় লাইব্রেরিতে রেফারেন্স গ্রন্থের তালিকা এন্ট্রি করতে হবে;
৭. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, অডিট কমিটি, ক্রয় কমিটি ও সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে;
৮. মাদরাসার সকল ক্রয় গভর্নিং বডির অনুমোদন সাপেক্ষে পাবলিক প্রকিউরমেন্ট বিধি অনুযায়ী করতে হবে;
৯. সকল ধরনের আয়-ব্যয়ের ক্ষেত্রে গভর্নিং বডির অনুমোদন নিতে হবে এবং কলামনার ক্যাশবই ও ভাউচার আপডেট রাখতে হবে;
১০. শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের হাজিরা বহিতে অধ্যক্ষ মহোদয়ের প্রত্যয়ন থাকতে হবে;
১১. অধ্যক্ষ মহোদয়ের জন্য মুভমেন্ট রেজিস্টার থাকতে হবে এবং সকল শিক্ষকের ছুটি রেজিস্টার খাতা সংরক্ষণ করতে হবে;
১২. মাদরাসার জমির দলিল যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
১৩. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে “ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত” কথাটি লিখতে হবে;
১৪. মাদরাসার আউটনায় ফুল গাছ লাগাতে হবে এবং শ্রেণিকক্ষ ও আউটা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে হবে;
১৫. প্রতি তিন মাস পরপর শিক্ষার্থীদের পড়াপেখার মানোন্নয়নের জন্য মোটিভেশনাল ও অভিভাবক সমাবেশ করতে হবে;
১৬. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের আবেদন করতে হবে;

মাননীয় ডাইস চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে


০৭.০৪.২০২৬
(আরিফ আহমদ)

সহকারী মাদরাসা পরিদর্শক
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ


খুলনা মহিলা আলিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: খুলনা সদর, উপজেলা: সদর, জেলা: খুলনা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/ চট্ট-৮৩/২০১৭/১৫৭১৬(৭)

তারিখ: ২৬ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
০৯ এপ্রিল ২০২৬ খ্রিষ্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিলের সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ডাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ডাইস চ্যান্সেলর মহোদয়ের সদস্য অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, খুলনা মহিলা আলিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: খুলনা সদর, উপজেলা: সদর, জেলা: খুলনা।
৭. অফিস নথি।


০৭.০৪.২০২৬

(ছায়েদ আহমদ মজুমদার)
সেকশন অফিসার
মোবাইল: ০১৮২০-২৯২৫৩২